



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৪.২৩.৩১৮৬

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেওয়ার পত্র প্রেরণ প্রসঙ্গে

- সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং বামাশবি/প্রশা/২২১২৪১১৯৫১৫১/৮৬৩৬৮/নথি নং-১০২, তারিখ: ০৬-০২-২০২৪ খ্রিঃ
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৩.২৩.৩১৫০ তারিখ: ১২ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিঃ
৩। জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া স্মারক নং ০৫.৫০.১০০০.০২৯.২৭.০০৬.২৪.৬৭(৫) তারিখ: ০৮ এপ্রিল ২০২৪ খ্রিঃ
৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৪.২৩.৩১৭৫ তারিখ: ০৯ মে ২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন আগুনিয়ার টাইড দাখিল মাদ্রাসার সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির গঠনে ভূয়া কাগজপত্রের মাধ্যমে অনিয়ম সংক্রান্ত বিষয়ে জনাব সোয়াইব হোসেন অভিযোগ দাখিল করেন। অভিযোগের বিষয়সহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ২নং স্মারকে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) বগুড়া-কে পত্র দেয়া হয়। পত্রের আলোকে তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ৩নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগের বিষয় বোর্ডের প্রবিধানমালা পরিপূর্ণভাবে অনুসরণ করা হয়নি। তাছাড়া পূর্বের গঠিত ম্যানেজিং কমিটি নিয়েও আদালতে মিস আপীল ১৬০/২০২৩ মামলা চলমান অর্থাৎ অভিযোগকারীর অভিযোগের সত্যতা রয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত ব্যক্ত করেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্জে দেয়া হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য সূত্রোক্ত ৪নং স্মারকে মাদ্রাসা প্রধান এবং সভাপতিকে পত্র প্রেরণ করা হয়। পত্রের আলোকে প্রতিষ্ঠান প্রধান/সুপার ও সভাপতি জবাব দাখিল করেছেন যা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় তদন্তে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেয়া হলো একই সাথে মাদ্রাসা পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতির আবেদন করার জন্য মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩০-০৬-২০২৪
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
০২-৯৬১২৮৫৮ (ফোন)
০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)
info@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার, আগুনিয়ার টাইড দাখিল মাদ্রাসা(119515), ডাকঘর-পেড়ীহাট, গাবতলী, বগুড়া।

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৪.২৩.৩১৮৬/১(৭)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, বগুড়া;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাবতলী, বগুড়া;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, গাবতলী, বগুড়া;
- ৫। ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি.;গাবতলী, বগুড়া;;
- ৬। পি ও টু চেয়ারম্যান/ পিএটু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৭। অফিস কপি।



০১-০৭-২০২৪
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার